ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh )
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং অব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯.১০১ তারিখ:৩০/১২/২০২১ ইং।

**বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এপিএ মূল টিমের ৩য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি। |
| সভার তারিখ | ২৩/১২/২০২১ খ্রিস্টাব্দ, রোজ: বৃহস্পতিবার। |
| সভার সময় | বিকেল ৩.০০ ঘটিকা। |
| স্থান | ওয়েব বেইজড ভিডিও কনফারেন্সিং অ্যাপ 'Zoom' এর মাধ্যমে । |
| উপস্থিতি | সভায় এপিএ মূল টিম, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি এর আহবায়কসহ সদস্যগণ ওয়েববেইজড ভিডিও কনফারেন্সিং অ্যাপ 'Zoom' এ সংযুক্ত ছিলেন। |

আলোচ্যসূচি: ১) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতি।

২) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতি।

**আলোচনা:**

**আলোচ্যসূচি: ১) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতি।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। এ পর্যায়ে সভাপতি প্রথমে আলোচ্যসূচি ১) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতির বিষয়ে সভার নিকট জানতে চান।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির অগ্রগতি:**

জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, মহাব্যবস্থাপক (এইচআর) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রিপেইড মিটার ব্যতীত সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ১০০% এর বিপরীতে নভেম্বর ২০২১ পর্যন্ত ৭.২% অর্জিত হয়েছে এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা ৭০,০০০ এর বিপরীতে নভেম্বর ২০২১ পর্যন্ত ১৯০০০ স্থাপন করা হয়েছে। এ পর্যায়ে সভার সভাপতি বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে বলেন।

অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে প্রদানের জন্য অনুরোধ করেন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

নির্দিষ্ট সময়ের মধ্যে স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট প্রদানের বিষয়ে সভাকে আশ্বস্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন:

**সিদ্ধান্ত:** বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি এ ব্যাপারে মনিটরিং করবেন । জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করতে হবে।

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির অগ্রগতি:**

জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির কর্মসম্পাদন সূচক (১.১.১) 'একটি নতুন উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত' এর অংশ হিসেবে ড্রোনের মাধ্যমে উপকেন্দ্রসমূহের মনিটরিং সিস্টেম চালু করার কার্যক্রম চলমান আছে। এছাড়াও তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে।

তিনি সভাকে আরও অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির কর্মসম্পাদন সূচক (২.২.৫) 'দেশে/ বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শণকৃত' এর অংশ হিসেবে ডেসকো লি. এর একটি উদ্যোগ পরিদর্শণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হবে।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। কর্মসম্পাদন সূচক (১.১.১ ) 'একটি নতুন উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত' এর অংশ হিসেবে ড্রোনের মাধ্যমে উপকেন্দ্রসমূহের মনিটরিং সিস্টেম চালু করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। কর্মসম্পাদন সূচক (২.২.৫) 'দেশে/ বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শণকৃত' এর অংশ হিসেবে ডেসকো লি. এর একটি উদ্যোগ পরিদর্শণের বিষয়ে এপ্রিল/২০২২ খ্রি এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। অত্র কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করতে হবে।

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির অগ্রগতি:**

জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি সভাকে অবহিত করেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। কর্মসম্পাদন সূচকের অগ্রগতির অংশ হিসেবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে, শতকার ১০০ ভাগ প্রাপ্ত অভিযোগ সময়মত নিষ্পত্তি হচ্ছে, অভিযোগ প্রতিকার নিয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা প্রধান প্রকৌশলী, এনওসিএস (দক্ষিণ) ২৭/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে আয়োজন করবেন। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করবেন।

অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভাকে জানান যে, অভিযোগ প্রতিকার নিয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার ব্যানারে সভার বিষয়বস্তু স্পষ্ট করে লেখা থাকতে হবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি, ব্যানারে সভার বিষয়বস্তু উল্লেখ থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। প্রধান প্রকৌশলী, এনওসিএস (দক্ষিণ) ২৭/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে অভিযোগ প্রতিকার নিয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ

সভা আয়োজন করবেন এবং সভার ব্যানারে সভার বিষয়বস্তু স্পষ্ট করে লেখার বিষয়টি মনিটরিং করবেন। উক্ত কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করতে হবে।

**সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির অগ্রগতি:**

জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। চুক্তিতে বর্ণিত সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা এনওসিএস, বাংলাবাজারে ২৬/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে আয়োজন করা হবে। এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হবে।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। এনওসিএস, বাংলাবাজার, ২৬/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করবেন এবং সভার ব্যানারে সভার বিষয়বস্তু স্পষ্ট করে লেখা থাকতে হবে। উক্ত কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করতে হবে।

**তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির অগ্রগতি:**

জনাব শামীমুল হক, উপ মহাব্যবস্থাপক, এইচআর (পাবলিক রিলেশনস) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক । তথ্য নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদ করা হচ্ছে। চুক্তিতে বর্ণিত সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কর্মসম্পাদন সূচক (১.৪.১ ) ' তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/ হালনাগাতকৃত' এর অংশ হিসেবে তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করা হচ্ছে এবং হালনাগাদ করা হচ্ছে। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম, তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করার ক্ষেত্রে ডিপিডিসি'র মিটিং মিনিটসের ক্যাটালগ প্রস্তুত করার এবং মহাব্যবস্থাপক (এইচআর), আইএসও এর ডকুমন্টেসমূহের ক্যাটালগ প্রস্তুত করার বিষয়ে আলোকপাত করেন।

অত:পর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, কর্মসম্পাদন সূচক (১.৫.১) 'তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি' এর অংশ হিসেবে ডিপিডিসি মাসিক বুলেটিন প্রকাশ এবং লিফলেট বিতরণ কার্যক্রম চলমান আছে।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। উক্ত কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করবেন।

**আলোচ্যসূচি ২) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতি।**

এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি ২) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ষান্মাসিক অগ্রগতির বিষয়ে জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভায় ডিপিডিসি'র (জুলাই হতে নভেম্বর ,২১) পর্যন্ত অর্জণ সভায় উপস্থাপন করেন:

| ডিপিডিসি’র এপিএ ২০২১-২২ অর্জন (জুলাই হতে নভেম্বর ,২১ ) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কর্ম সম্পাদন সূচক | গণনা পদ্ধতি | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | অর্জন, ২০২১ | | | | | |
| | | | | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | জুলাই-নভেম্বর |
| [১.১.১] বকেয়া হ্রাস | ক্রমপুঞ্জিভূত | সমমাস | ১.৮৫ | ১.৫৪ | ১.৬৪ | ১.৭১ | ১.৭০ | - | ১.৭০ |
| [১.১.২] কালেকশন বিল রেশিও | ক্রমপুঞ্জিভূত | % | ৯৮.৫৫ | ৯৪.৭৩ | ৯০.০৩ | ৯২.৫০ | ৯৯.৯৬ | - | ৯৪.৪৮ |
| [১.১.৩] দেনা পরিশোধ | ক্রমপুঞ্জিভূত | মাস | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| [১.১.৪] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | সমষ্টি | কোটি টাকা | চলতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২৬.৬০ | ২৬.৬০ |
| [১.১.৫] কারেন্ট রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৯০:১ | - | - | - | - | - | ১.৯৫:১ |
| [১.১.৬] কুইক রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৬৫:১ | - | - | - | - | - | ১.৮৫:১ |
| [১.১.৭] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৬:১ | - | - | - | - | - | ১.৬৫:১ |
| [১.২.১] ই জিপি টেন্ডারিং | ক্রমপুঞ্জিভূত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| [১.২.২] প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ৫০ | ০.৪৬ | ১.৮১ | ১.৪২ | ৩.৭১ | ৪.৩৪ | ১১.৭২ |
| [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ | সমষ্টি | সমষ্টি | ৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| [২.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৪০০০০ | ৭০৩৫ | ৭১৮৮ | ৮৫৪১ | ১০০৮১ | ৯৪৮১ | ৪২৩২৬ |
| [২.২.১] ওভার লোডেড ট্রান্সফরমার | ক্রমপুঞ্জিভূত | % | ০.১৮ | ০.০৩৮ | ০.০১৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| [২.৩.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | ক্রমপুঞ্জিভূত | এনওসিএস এর সংখ্যা | ১২ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ |
| [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | ০ | ৪.৫৪ | ০ | ০ | ৯.০৯ |
| [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | ০ | ০.০০ | ০ | ০ | ০.০০ |
| [২.৩.৪] ১১ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | ০ | ৭.০০ | ০ | ০ | ১৯.০০ |
| [৩.১.১] বিতরণ লাইন | সমষ্টি | কি.মি | ৭০ | ৯.০ | ১০.৪ | ৪.১ | ২.৭৬ | ১৩.৯৮৫ | ৪০.২৯ |
| [৩.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | সমষ্টি | এমভিএ | ৫৫০ | ৩৪৫ | ০ | ০ | ৩১০ | ৩৫ | ৬৯০ |
| [৩.৩.১] সিস্টেম লস | ক্রমপুঞ্জিভূত | % | ৭.১৫ | ৬.৯৭ | ৭.২০ | ৬.২৬ | ৬.৪৩ | - | ৬.৩১ |
| [৩.৪.১] নেট মিটার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ৫০ | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | ২০ |
| [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ (দুই বছর) | ক্রমপুঞ্জিভূত | % | ৩৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৮ |
| ৪.১.২] SAIDI | সমষ্টি | মিনিট | ৭০০ | ৩৮.৭৫২ | ৪৪.৪৯৪ | ৪৫.৬৮৮ | ৪১.৩৩০ | ২৯.০২ | ১৯৯.১৬৮ |
| [৪.১.৩] SAIFI | সমষ্টি | বার/সংখ্যা | ৭০ | ২.৯০০ | ৪.০১৫ | ৪.১৪৯ | ৩.২৭৩ | ২.৯৩১ | ১৭.২৬৬ |
| [৪.২.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | ক্রমপুঞ্জিভূত | % | ৯০ | ৯৩ | ৯৩ | ৯৩ | ৯৩ | ৯৩ | ৯৩ |
| [৪.৩.১] ই আর পি বাস্তবায়ন (৪ টি মডিউল) | ক্রমপুঞ্জিভূত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী (জুলাই হতে নভেম্বর ,২১ ) পর্যন্ত কতিপয় কর্মসম্পাদন সূচকে যেমন: [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদান, [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং, [২.৩.৪] ১১

কেভি লাইনের জিআইএস ম্যাপিং [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ (দুই বছর) প্রভৃতি ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জণে আরও সচেষ্ট হতে হবে।

সভার সভাপতি কর্মসম্পাদন সূচক [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টিএন্ডডি-কে এবং কর্মসম্পাদন সূচক [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং এর বিষয়ে পিডি, জিআইএসকে আরও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করেন।

সভার সভাপতি কর্মসম্পাদন সূচক [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ- এর ধীর অগ্রগতির বিষয়ে জানতে চাইলে, ফিডার অটোমেশনে কমিটির একজন সদস্য সভাকে অবহিত করেন যে, বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কাছে এ সংশ্লিষ্ট কাজের জন্য দরপত্র আহবানের কাজ প্রকিয়াধীন আছে। সভার সভাপতি এ বিষয়ে আরও সচেষ্ট হতে মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং-কে অনুরোধ করেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** এপিএ'র সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। কর্মসম্পাদন সূচক যেমন: [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টিএন্ডডি-কে এবং কর্মসম্পাদন সূচক [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং এর বিষয়ে পিডি জিআইএসকে আরও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করা হয়। এবং কর্মসম্পাদন সূচক [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য মহাব্যবস্থাপক (আইসিটিকে) আরও সচেষ্ট হতে বলা হয়।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর টার্গেট অর্জনের জন্য সর্বাত্যক প্রচেষ্টা অব্যাহত রাখতে বলেন এবং পরিশেষে সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন ।

০৩/০১/২০২২

আবদুর রউফ খান,
নির্বাহী পরিচালক (অপারেশন),
ও
টিম লিডার, এপিএ মূল টিম, ডিপিডিসি।